# আইনের ভুল ব্যাখ্যা দিয়ে তত্ত্বাবধায়ক সরকার বাতিল হয়েছিল: ড. শরীফ



সংগৃহীত ছবি

আইনের ভুল ব্যাখ্যা দেওয়ায় তত্ত্বাবধায়ক সরকার বাতিল করা হয়েছিল, যার ফলে গত ১০ বছর ধরে কোনো বৈধ নির্বাচন অনুষ্ঠিত হয়নি। মঙ্গলবার (২১ অক্টোবর) তত্ত্বাবধায়ক সরকার পুনঃপ্রবর্তনের আপিল শুনানিতে এ কথা বলেন আইনজীবী ড. শরীফ ভূইয়া।

সকালেই প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন সাতজনের পূর্ণাঙ্গ আপিল বেঞ্চে শুনানি শুরু হয়। এ সময় ড. শরীফ বলেন, জনগণের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করতে তত্ত্বাবধায়ক সরকার ফিরিয়ে আনা অপরিহার্য। তিনি উল্লেখ করেন, ১৪ বছর আগে তত্ত্বাবধায়ক সরকার বাতিল করে দেশকে অন্ধকারে ফেলে দেওয়া হয়েছিল এবং সেই রায় আইনগত ও কাঠামোগতভাবে দুর্বল ও ভুল ছিল।

এর আগে ২০১১ সালে সাবেক প্রধান বিচারপতি এ.বি.এম. খায়রুল হকের নেতৃত্বাধীন আপিল বিভাগের সাত বিচারপতির পূর্ণাঙ্গ বেঞ্চ ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় দেয়। ৫ আগস্টের পর সুজন সম্পাদকসহ পাঁচ বিশিষ্ট ব্যক্তি, বিএনপি, জামায়াতসহ কয়েকটি রাজনৈতিক দল এই রায়ের পুনর্বিবেচনার জন্য রিভিউ আবেদন করেন। পরে আপিল বিভাগ শুনানি শেষে এই আপিলের অনুমতি দেন।

LENS ASIA